

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
কাপাসিয়া, গাজীপুর।

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে মতবিনিময় সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: আশরাফুল্লাহ, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর।

স্থান : সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, কাপাসিয়া, গাজীপুর।

তারিখ ও সময় : ২০/০৩/২০২৪ খ্রি: সকাল- ১১:০০ ঘটিকা

উপস্থিত কর্মকর্তা/প্রতিনিধিদের নামের তালিকাঃ পরিশিষ্ট 'ক'


সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে আয়োজিত মতবিনিময় সভায় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্গত সুশাসন ও সংস্কারমূলক ক্ষেত্রের বলেন, দেশে সুশাসন প্রতিষ্ঠা করে প্রান্তিক জনসাধারণের দোরগোড়ায় সেবা পৌঁছে দিয়ে তাদের জীবনমান উন্নত করার নিমিত্ত বর্তমান সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সংশ্লিষ্ট সকলের অধিকার সুরক্ষার লক্ষ্যে মৎস্য অধিদপ্তর নানাবিধ কার্যক্রম পরিচালনা করছে। তিনি আরো বলেন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ মোতাবেক সিটিজেন চার্টার ও উত্তম চর্চা বাস্তবায়নে অংশীজনের অংশগ্রহণে আয়োজিত সভা অত্যন্ত গুরুত্বপূর্ণ। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অফিস সহকারী জনাব হামিদা আলোচ্যসূচী অনুযায়ী তথ্যাদি উপস্থাপন করেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র.নং	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	সরকারি সহায়তার সঠিক বাস্তবায়ন	✓ স্থানীয় জনপ্রতিনিধি ও সফল মৎস্যচাষীদের সাথে আলোচনা করতে হবে এবং সময়ের কাজ সময়ে করতে হবে। ✓ এতদসংক্রান্ত কমিটির সভা যথাসময়ে আয়োজন করতে হবে।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ও তাঁর সহকর্মীবৃন্দ
০২	প্রত্যাশা অনুযায়ী সেবা প্রদান	✓ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) অনুযায়ী সেবা গ্রহীতাদের সেবা প্রদান করবে এবং সেবা গ্রহীতাদের প্রত্যাশানুযায়ী সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, অফিস সহকারী
০৩	সেবা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া	✓ সবার আগে সেবা প্রার্থীদের সেবা প্রদান করতে হবে। কাজ কর্মে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
০৪	উত্তম চর্চা	✓ সেবা গ্রহীতাদের সাথে ভালো ব্যবহার করা। সকল সহকর্মীদের সাথে ভালো সম্পর্ক বজায় রাখা এবং সার্বিক পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত রাখা। ✓ সেবা গ্রহীতাদের মাঝে মাস্ক বিতরণ এবং সেবা প্রদানের পূর্বে হ্যান্ড স্যানিটাইজ করা।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, অফিস সহকারী, অফিস সহায়ক
০৫	অভিযোগ প্রতিকার	✓ সেবা গ্রহীতাদের কোন অভিযোগ থাকলে তা অফিসে জানানো এবং তার প্রতিকারের ব্যবস্থা করা।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, অফিস সহকারী, অফিস সহায়ক

সভায় উপস্থিত মৎস্যচাষী জনাব মো: মোস্তফা কামাল মতবিনিময় সভায় আমন্ত্রণ জানানোর জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে ধন্যবাদ জ্ঞাপন করেন, মৎস্যচাষীদের দাম কমানোর ব্যাপারে উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন এবং এরূপ সভায় অংশগ্রহণের ফলে তাদের অধিকার সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পাবে মর্মে মতামত ব্যক্ত করেন।

পরিশেষে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয় এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


মো: আশরাফুল্লাহ
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
কাপাসিয়া, গাজীপুর।